মেহেরপুরের রাজনগরে মসজিদের কমিটি নিয়ে বিরোধ

মেহেরপুর সদর উপজেলার রাজনগর জামে মসজিদের সভাপতি পদ নিয়ে বিরোধ চলছে বেশ কয়েক দিন ধরেই। গতকাল শুক্রবার জুম্মার নামাজ শেষে এ নিয়ে কথা কাটাকাটি হয় দু-গ্রুপের মধ্যে।

জানা গেছে, বর্তমান সভাপতিকে কোন রকম অবহিত না করে গোপনে অপর এক পক্ষ নতুন সভাপতি তৈরি করেছে। এই নতুন সভাপতি জেলা পরিষদের বরাদ্দ দেওয়া একলক্ষ টাকার মধ্যে ৫০ হাজার টাকা তুলে গায়েব করেছে বলেও অভিযোগ উঠেছে।

এ বিষয়ে শেখ পাড়া জামে মসজিদের ইমাম আশরাফুল ইসলাম জানান, আমি জানি এই মসজিদের কমিটির সভাপতি হচ্ছেন মনিরুজ্জামান ফিরাতুল। কিন্তু প্রায় বছর খানেক ধরে শুনছি নতুন সভাপতি হয়েছেন অলিল নামের একজন।

পূর্বের সভাপতি মনিরুজ্জামান ফিরাতুল জানান, আমি ২০১৪ সাল থেকে রাজনগর মসজিদের সভাপতি হিসেবে দায়িত্বে আছি। মসজিদ উন্নয়নের জন্য আমি জেলা পরিষদের কাছে ১ লাখ টাকার আবেদন করি। কমিটির ক্যাশিয়ার শফিকুল ইসলাম কারসাজি করে নতুন সভাপতি নিয়োগ দিয়েছেন। এই কমিটি দিয়ে জেলা পরিষদের দেওয়া ১ লাখ টাকার মধ্যে ৫০ হাজার টাকা তুলে ফেলেছে তারা।

মসজিদের ক্যাশিয়ার শফিকুল ইসলাম জানান, এর আগে যারা দায়িত্বে ছিল তাদের বিরেুদ্ধে নানা ধরনের অভিযোগ ছিল। পরে গ্রামবাসী আমাকে ক্যাশিয়ারের দায়িত্ব দেয়। সেই সাথে নতুন একজনকে সভাপতি করার জন্য বলে। গ্রামবাসীর কথামত অলিল নামের একজনকে সভাপতি করা হয়। জেলা পরিষদের দেওয়া অর্থের বিনিময়ে ইতোমধ্যে মসজিদের প্রাচীরের কাজ চলমান আছে।

দর্শনা থানা পুলিশের অভিযানে ফেন্সিডিলসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ১৬ বোতল ফেন্সিডিলসহ জাহিদুল ইসলাম (৩০) কে গ্রেফতার করা হয়েছে ।

পুলিশ জানায় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার ওসি মাহাব্বুর রহমান কাজলের নেতৃত্ব, এসআই মোঃ সাইফুল ইসলাম, এএসআই মোঃ মহিউদ্দিন সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনার সুলতানপুর গ্রামের জৈনক ইলিয়াস মোল্লার ফাঁকা জমির উপর থেকে ১৬ বোতল ফেন্সিডিলসহ আসামি জাহিদুল ইসলাম কে গ্রেফতার করে। আসামি জাহিদুল ইসলাম চুয়াডাঙ্গা জেলার দর্শনার সুলতানপুরের দক্ষিণপাড়ার জান মোহাম্মদ এর ছেলে।

পুলিশ আরও জানায় আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে। এ বিষয়ে দর্শনা থানার ওসি মাহাব্বুর রহমান কাজল বলেন, দর্শনা কে মাদকমুক্ত করতে পুলিশ প্রসাশনের পাশাপাশি জনসাধারণের সহযোগিতা থাকলে আমরা খুব দ্রুত দর্শনাকে মাদকমুক্ত করতে পারবো।

মুজিবনগরে “মুজিববর্ষে শত ঘন্টা মুজিবচর্চা” শীর্ষক সাংস্কৃতিক পক্ষের সমাপ্তি

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে সাংস্কৃতিক পক্ষের আয়োজনে গত ১৫ দিন ব্যাপী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবনীভিত্তিক বিভিন্ন নাটক ও প্রামাণ্য চিত্র প্রদর্শন করা শেষে আমার বাড়ি টুঙ্গীপাড়া মঞ্চায়িত নাটকের মধ্য দিয়ে সমাপ্ত হলো “মুজিববর্ষে শত ঘন্টা মুজিবচর্চা” শীর্ষক সাংস্কৃতিক পক্ষের।

গতকাল শুক্রবার রাতে মুজিবনগর অডিটরিয়ামে আলোচনাসভা, সাংস্কৃতি সন্ধ্যার পর মঞ্চায়িত নাটকটির মধ্য দিয়ে সাংস্কৃতিক পক্ষের

সমাপ্তি হয়।

এর আগে একই মঞ্চে সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালী উপস্থিত ছিলেন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা পুলিশ সুপার এস এম মুরাদ আলী, স্থানীয় সরকারের উপ-পরিচালক মৃধা মুজাহিদুল ইসলাম, পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার প্রমুখ।

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় সরকারি জমি থেকে অবৈধ দোকান ঘর উচ্ছেদের সময় বাড়লো দুই দিন

দামুড়হুদা উপজেলার কার্পসডাঙ্গায় সরকারি খাঁস জমি দখল করে টিনের ঘর নির্মাণ করা হয়েছে। বেশ কয়েক দিন ধরে চলছে ৩২ টি দোকান ঘর নির্মাণের কাজ । ইতোমধ্যে বেশ কিছু ঘরের কাজ প্রায় শেষের পথে, এছাড়াও বেশ কিছু নির্মাণ কাজ চলছে।

শনিবারের মধ্যে এসকল দখলদারদের অবৈধ ঘর অপসারণের নির্দেশ দিয়েছেন উপজেলা প্রশাসন।

জানা যায়, উপজেলার কার্পাসডাঙ্গা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স এর পিছনে, ১৪৯৮ দাগে প্রায় ১৪ একর খাঁস জমি রয়েছে। গত কয়েক দিন ধরে ঐ জমিতে স্থানীয় বেশ ক’ একজন নেতা সহ কার্পাসডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিসের অফিস সহায়ক বাহারু ইসলাম প্রায় ২০/৩০জন জমি দখল করে ৩২ টি অবৈধভাবে দোকান ঘর নির্মাণ করছেন।

গতকাল বৃহস্পতিবার দুপুর ১ দিকে উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানসহ উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্ম্সিকিউটি ম্যাজিস্টেট সুদীপ্ত কুমার সিংহ ঘটনাস্থল পরিদর্শন করলে সতত্যা পান।

ঘটনাস্থল পরিদর্শন কালে উপজেলা নির্বাহী অফিসার আগামী শনিবার নির্ধারিত সময়ের মধ্যে অবৈধ দখল অপসারণ করা না হলে অবৈধ দখলদারদের বিরুদ্ধে সর্বোচ্চ আইন গত ব্যবস্থা গ্রহণ করা হবে বলে নির্দেশ দেন। ইতোমধ্যে উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় অবৈধ দখলদারদের ঠিক দিকনির্দেশনা প্রদানসহ খাস জমিকে কেন্দ্র করে যেন কোন বিশৃঙ্খলা সৃষ্টি না হয় সেবিষয়ে তাদেকে সচেতন করেন।

এসময় উপস্থিত ছিলে, কার্পাসডাঙ্গা ইউপির চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্টু, বাজার বনিক সমিতির সভাপতি ইমদাদুল হক ইমন, সাধারণ সম্পাদক সাজেদুর রহমান মিঠু, বাজার বনিক সমিতির সাবেক সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহান কচি প্রমুখ।

দর্শনায় ফেনসিডিল ও গাঁজাসহ গ্রেফতার ৪

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের পৃথক মাদকবিরোধী অভিযানে ফেনসিডিল ও মদসহ ইমন, বুদো, খোদাবক্স এবং মোসা কে গ্রেফতার করা হয়েছে।

গতকাল দর্শনা থানার (ওসি) মোঃ মাহাব্বুর রহমান কাজল এর নেতৃত্বে রাত ০৮ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার এস আই খান আব্দুর রহমান, এ এস আই আনোয়ারুল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর মোড় হতে ১০ (দশ) বোতল ফেন্সিডিলসহ মোঃ মেহেদী হাসান ইমন কে গ্রেফতার করে। আসামি মেহেদী হাসান ইমন দর্শনা আজিমপুরের আঃ মালেক এর ছেলে।

অপরদিকে, দুপুর ২.৩০ ঘটিকার সময় এসআই মোঃ সাইফুল ইসলাম, এএসআই মোঃমহিউদ্দিন সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা থানাধীন প্রতাপপুর

গ্রাম হতে, ০৩ (তিন) কেজি গাঁজা উদ্ধারসহ ৩ জন আসামিকে গ্রেফতার করে। আসামিরা হলেন ১/ মোঃ বুদো (৪৩), পিতাঃ মোঃ আবুল কালাম, গ্রাম চন্ডিপুর,

আসামি ২/মোঃ খোদাবক্স (২৭), পিতাঃ মোঃ হায়দার আলী গ্রাম প্রতাপপুর আসামি ৩/মোঃআবু মুসা পিতা-মৃত মোসলেম গ্রাম কৃষ্ণপুর বোয়ালমারী, উভয়ে দর্শনা থানার জেলাঃ চুয়াডাঙ্গা এর বাসিন্দা। গ্রেফতার কৃত সকল আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

মেহেরপুরের রাজনগরে সড়ক দুর্ঘটনায় আহত -১

মেহেরপুর সদরের চুয়াডাঙ্গা মহাসড়কের রাজনগর নামক স্থানে কলা ও কপি বোঝায় পিকআপ উল্টে তামান্না নামের একজন আহত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেলের ৪টার দিকে এই দুর্ঘটনা ঘটে।

ঘটনাস্থল থেকে জানা যায়, সবজি বোঝাই একটি পিকআপ মেহেরপুর থেকে খুলনা যাওয়ার পথে এ দুর্ঘটনা ঘটে। স্থানীয়রা জানান, পিকআপের সামনের চাকা পাংচার হলে গাড়ির নিয়ন্ত্রণ হারায় চালক, এবং বিপরীত দিক থেকে আসা একটি ইজিবাইক কে বাঁচাতে গিয়ে গাড়িটি উল্টে যায় রাস্তার পাশে।

দুর্ঘটনায় ইজিবাইকে থাকা তামান্না নামের এক যাত্রী আহত হলে স্থানীয়রা তাকে উদ্ধার করে।

আহত তামান্না খাতুন মেহেরপুর একটি ক্লিনিকে নার্সের চাকরি করে বলে জানা যায়। সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের গহরপুর গ্রামের গোরিলার মেয়ে।

মেহেরপুর ফায়ার সার্ভিসে খবর দিলে উদ্ধারকর্মীরা তাকে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে ভর্তি করে।

পিকআপের পিকআপ টার ক্ষতি হলেও ড্রাইভার ও হেলপার এর কোনো

ক্ষয়ক্ষতি হয়নি।

কন্যাসন্তান জন্ম নিলেই মিলবে পুলিশের উপহার

কন্যা সন্তানের বাবা-মাকে পুরস্কৃত করার উদ্যোগ নিয়ে আলোচনায় এসেছেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ। কন্যা সন্তান বোঝা নয় আশীর্বাদ, কন্যা সন্তান আল্লাহর শ্রেষ্ঠ পুরস্কার। কন্যা সন্তান জন্ম হলে হট লাইনে ফোন করলেই সঙ্গে সঙ্গে পুলিশ বাড়িতে পৌঁছে দেবে উপহার ।

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে গতকাল বৃহস্পতিবার রাতে স্ট্যাটাস দিয়ে উপহারের ঘোষণা দেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম। সেখানে লেখা হয়েছে,
“ কন্যা সন্তান বোঝা নয়, আশীর্বাদ কন্যা সন্তান আল্লাহর শ্রেষ্ঠ পুরস্কার
কন্যা সন্তান মা-বাবার জন্য জান্নাতের সুসংবাদ নিয়ে দুনিয়ায় আগমন করে”

চুয়াডাঙ্গা জেলা পুলিশের এ মহৎ উদ্যোগকে সাধুবাদ জানিয়েছে চুয়াডাঙ্গার সুশিল সমাজের মানুষ।

এমন উদ্যোগ নিয়েছেন কেন? বিষয়টি জানতে চাইলে চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম বলেন, দেখা যায় কন্যা সন্তানকে আমাদের এই সমাজে মূল্যায়ণ করা হয় না। সম্প্রতি গত সপ্তাহে একটি খবরের মাধ্যমে দেখতে পেলাম কন্যা সন্তান জন্ম দেওয়ায় হাসপাতালের বেডে থাকা অবস্থায় স্ত্রীকে ডির্ভোস পেপার দিয়ে গেলো স্বামী। খবরটা দেখে মনে হলো মানুষের মাঝে এখনো ভ্রান্ত ধারণার বা অসচেতনতা রয়েছে। ‘কন্যাসন্তান বোঝা নয়’ সেই ভ্রান্ত ধারণার কিছুটা হলেও মানুষের মাঝে সচেতনা বাড়াতে আমাদের এই প্রচেষ্টা।’

তিনি আরো জানান, ‘কন্যাসন্তান হওয়ার খবর পাওয়ার সঙ্গে সঙ্গে জেলা পুলিশের পক্ষ থেকে নবজাতকের পোশাকসহ উপহারসামগ্রী পাঠানো

হবে।’

কন্যাসন্তান জন্ম হলে ফোন করুন, উপহার পৌঁছে যাবে সাথে সাথে। এই উপহার অব্যাহত রাখতে পুলিশকে কন্যাসন্তান জন্মানোর খবর জানানোর জন্য পুলিশ কন্ট্রোলরুমের একটি মোবাইলফোন নম্বর (০১৩২০-১৪৯০৯৮) দেওয়া হয়েছে।

এছাড়াও চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ আবু জিহাদ জানায়, জেলা পুলিশের ফেসবুক পেজে গতকাল বৃহস্পতিবার রাতে একটি স্ট্যাটাস দেওয়া হয়। এরপর বিষয়টি নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ব্যাপক আলোচনার সৃষ্টি হয়।

আমি গ্রাম্য এলাকা লক্ষ্য করে দেখেছি কন্যা সন্তান হলে অনেকে মন খারাপ করে। তাদের উৎসাহিত করা এবং তাদের বুঝাতে হবে ছেলে মেয়ে সবাই সমান, মেয়েরা শিক্ষা এবং কর্ম জীবনে অনেকে এগিয়ে আছে। এ মহৎ উদ্যোগ নেওয়ায় পুলিশ সুপার জাহিদুল ইসলাম স্যার কে আমি সাধুবাদ জানায়।

জীবননগরে মহেশপুর-৫৮ বিজিবির পরিচালক লে.কর্ণেল কামরুল আহসানকে সংবর্ধনা প্রদান

চোরাচালান নিরোধ ও মাদকদ্রব্য আটকে সমগ্র ব্যাটালিয়নের মধ্যে মহেশপুর-৫৮ বিজিবি ব্যাটালিয়ন রার্নাসআপ হওয়ায় মহেশপুর-৫৮ বিজিবি ব্যাটালিয়নের পরিচালক লে.কর্ণেল কামরুল আহসানকে সংবর্ধনা ও সম্মননা স্বরুপ ক্রেস্ট প্রদান করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বেলা ১২টার সময় জীবননগর সে¦চ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার আয়োজনে এ সংবর্ধনা ও সম্মনা স্বারক ক্রেস্ট প্রদান করা হয়।

জীবননগর শিকড় সমাজ কল্যাণ সংস্থার জেলা কমিটির সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে

উপস্থিত ছিলেন, মহেশপুর -৫৮ বিজিবির পরিচালক লে.কর্ণেল কামরুল আহসান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর ডিগ্রী কলেজের সাবেক উপধ্যক্ষ নজরুল ইসলাম, সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মঈন উদ্দিন ময়েন, শিক্ষক আঃ সামাদ, সামিউল ইসলাম সাহেব, জাকির বিশ্বাস, মাজেদুল মিল্টনসহ শিকড় সমাজ কল্যাণ সংস্থার চাষী রমজান, মফিজুল ইসলাম, হোসেন আহম্মেদ লাবনী, ঐশ্বর্য সাহা, সাদিয়া, রিয়াজ, সোহাগ, প্লাবন, মিম, তনু, আঃ আলিমসহ এলাকার সুধী, সাংবাদিক ও শিকড় সমাজ কল্যাণ সংস্থার সদস্যগণ।

এ সময় প্রধান অতিথিকে সম্মনা স্বারক প্রদান করেন শিকড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা কমিটির সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদ, কোষাধ্যক্ষ হুসাইন আহম্মেদ, জীবননগর উপজেলা শাখার সভাপতি তুহিনুজ্জামান, সাধারণ সম্পাদক লাবনী।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন শিকড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা কমিটির সহ-সভাপতি চাষী রমজান ।

জীবননগরে গৃহহীনকে শিকড় সমাজ কল্যাণ সংস্থার পক্ষ থেকে ঘর উপহার

জীবননগরে অসহায় গৃহহীনকে একটি ঘর উপহার দেওয়া হয়েছে। গতকাল সকাল ১১টার সময় শিকড় সমাজ কল্যাণ সংস্থার আয়োজনে এবং এবলুম বাংলার সহযোগিতায় ৩৫হাজার টাকা ব্যয়ে জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের মেদনীপুর গ্রামের গৃহহীন আলতাপ হোসেনকে সেচ্ছাশ্রমে নির্মিত একটি ঘর উপহার দেন শিকড় সমাজ কল্যাণ সংস্থার সদস্যরা।

শিকড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা কমিটির সাধারণ সম্পাদক

মিঠুন মাহমুদের সভাপতিত্বে সে¦চ্ছাশ্রমে নিমির্তি ঘর উপহার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মহেশপুর ব্যাটালিয়ন -৫৮ বিজিবির পরিচালক লে.কর্ণেল কামরুল আহসান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর ডিগ্রী কলেজের সাবেক উপধ্যক্ষ নজরুল ইসলাম, সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়রম্যান মঈন উদ্দিন ময়েন, শিক্ষক আঃ সামাদ, সামিউল ইসলাম সাহেব, মাজেদুল মিল্টন, জাকির বিশ্বাসসহ শিকড় সমাজ কল্যাণ সংস্থার চাষী রমজান, মফিজুল ইসলাম, হোসেন আহম্মেদ লাবনী, ঐশ্বর্য সাহা, সাদিয়া, রিয়াজ, সোহাগ, প্লাবন, মিম, তনু, আঃ আলিমসহ এলাকার সুধী, সাংবাদিক ও শিকড় সমাজ কল্যাণ সংস্থার সদস্যগণ।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন শিকড় সমাজ কল্যাণ সংস্থার জীবননগর উপজেলা শাখার সভাপতি তুহিনুজ্জামান ।

দর্শনা কেরু’জ মিলে আখ সংগ্রহে অনিয়ম

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় অবস্থিত কেরু এন্ড কোম্পানি একটি ভারি শিল্প প্রতিষ্ঠান। এই কেরু’জ চিনিকলে আখ থেকে চিনি, গুড়, চিটাগুড়, মদ ইত্যাদি উৎপাদন করা হয়। আখই কেরু’জ চিনিকলের মূল কাঁচামাল, আখ ছাড়া এই চিনিকল পরিচালনা করা অসম্ভব।

কিন্তু দর্শনা কেরু’জ চিনিকলেএই মূল কাঁচামাল আখ সংগ্রহে অনিয়ম দেখা গেছে। সেন্টার বাদে অনুমোদন ছাড়াই মদনা মাঠে ট্রাক্টরে আখ লোড দিতে দেখা গেছে। আর এই অনিয়ম কারণেই আখ চাষি ক্ষতিগ্রস্ত হচ্ছে যার কারণে মুখ ফিরিয়ে নিচ্ছে সাধারণ চাষি।

এই বিষয়ে কেরু এন্ড কোম্পানির জিএম গিয়াস উদ্দীনের সাথে মুঠোফোনে যোগাযোগ করলে তিনি বলেন, আমি এখন ঢাকায় আছি, আমি এখন এ বিষয়ে কোন কথা বলবো না।

এ বিষয়ে কেরু’জ সিআই মনির উদ্দীনের কাছে আখ মাঠ থেকে কেটে নেওয়ার পর সেন্টার এর অনুমোদন ছাড়া মাঠে ট্রাক্টরে লোড করার কোন অনুমোদন আছে কিনা জানতে চাইলে তিনি বলেন, সেন্টার এর কাটাই ওজন হবে তারপর ট্রাক্টর লোড হবে এর বীপরিতে কিছু করলে তার কোন অনুমোদন নেই।

এ বিষয়ে কেরু এন্ড কোম্পানির মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত) শেখ সাহাবদ্দীনের কাছে জানতে চাইলে তিনি বলেন, আমার জানামতে মদনা মাঠে কেরু এন্ড কোম্পানির ট্রাক্টরে আখ লোডের অনুমোদন নেই।

জানা গেছে, পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের হাফিজুল এর ছেলে আখ চাষী আব্দুল আজিজ। এই বিষয়ে তার কাছে জানতে গেলে তিনি সাংবাদিক দেখে দৌড়ে পালিয়ে য়ান। অনুমোদন ছাড়া ট্রাক্টরে আখ লোড দেওয়া গাড়ীর চালান নং ৪৮৩১ এবং গাড়ীর লাইসেন্স নং ২০ এবং ড্রাইভার এর নাম সৈকত আলী।

এ ঘটনায় তদন্ত করলে বেরিয়ে আসবে আসল রহস্য তবে সেন্টার বাদে কিভাবে ট্রাক্টর লোড করে সরকারি অর্থ হাতিয়ে নিচ্ছে একটি কুচক্র মহল। এ বিষয়ে কেরু এন্ড কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক জনাব আবু সাইদ ব্যবস্থা নিবেন আশা করছে সাধারণ কৃষককূল ।